যুগান্তর

# চবিতে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ : আহত ১০

প্রকাশ : ১১ অক্টোবর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

চবি প্রতিনিধি

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ১০ জন আহত হন। আহতদের মধ্যে আরবি বিভাগের শরীফুল ইসলাম ও নাছিম, অর্থনীতি বিভাগের মোহাইমিনুল ইসলাম, আইন বিভাগের সাদাফ খান এবং আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের রাহুলকে বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে প্রাথমিক চিকিৎসা শেষে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয় প্রক্টর অফিসের সামনে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ফজলে রাব্বী সুজন ও সাবেক সহ-সভাপতি রেজাউল হক রুবেল গ্রুপের মধ্যে এ সংঘর্ষ হয়। ঘটনায় জড়িতদের বিরুদ্ধে সর্বোচ্চ শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন কেন্দ্রীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক গোলাম রব্বানী।

হামলার ঘটনায় উভয় গ্রুপ পরস্পরকে দায়ী করেছে। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ফজলে রাব্বী সুজন বলেন, সংগঠনের ভাবমূর্তি ক্ষুণ্ণ করতে অগোচরে থাকা জামায়াত শিবিরের লালনকারী রুবেল গ্রুপের কর্মীরা এ ঘটনা ঘটিয়েছে। এ ঘটনার সর্বোচ্চ শাস্তি দাবি করছি।

হামলা নয়, বরং সাধারণ কর্মীদের তোপের ফল এ ঘটনা বলে উল্লেখ করেছেন বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি রেজাউল হক রুবেল। তিনি বলেন, জুনিয়র কর্মীরা সুজনকে ছাত্রলীগের কর্মসূচির বিষয়ে জিজ্ঞেস করলে তিনি তাদের ওপর চড়াও হন। তাই তারা সুজনকে লাঞ্ছিত করে।

বিশ্ববিদ্যালয় প্রক্টর আলী আজগর চৌধুরী বলেন, ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে হামলার ঘটনায় পর্যাপ্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। যে কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে আমরা প্রস্তুত।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

x